বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

| | | |
|---|---|---|
| **স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.২৩১ | তারিখ: | ২৭ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ<br>১০ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ |

**বিষয়: পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর /সংস্থাসমূহের পতিত ও অব্যবহৃত জমিতে মৌসুমি সবজি ও ফসল উৎপাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: ১) পানি সম্পদ মন্ত্রণালয়, উন্নয়ন-১ শাখা এর স্মারক নং-৪২.০০.০০০০.০৩৪.৯৯.০০৫.১৮.৪০৩, তারিখঃ ০৯.১১.২০২২খ্রিঃ।
২) ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাপাউবো ঢাকা'র স্মারক নং-বাপাউবো (ভূ ও রা)/এম-৬৪/২০১২ (২য় খন্ড)/৪৭৩, তারিখঃ ১৭.১১.২০২২খ্রিঃ।
৩) অত্র দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.০৯.০০২.২০.৫৪, তারিখঃ ১২.০২.২০২৩খ্রিঃ।
৪) গত ০৯.০৩.২০২৩খ্রিঃ সচিব, পাসম মহোদয়ের সভাপতিত্বে পাসমতে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভা।

উপযুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, বর্তমান বিশ্ব অর্থনীতি ও বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে সর্বক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি, বিশেষ করে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন এবং উৎপাদন বৃদ্ধি ত্বরান্বিত করতে সকল আবাদযোগ্য জমিকে উৎপাদনের আওতায় নিয়ে আসতে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা রয়েছে। সূত্রস্থ স্মারকের পত্রে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সকল পর্যায়ের অফিসসমূহের সম্মুখভাগ, খেলার মাঠ, আবাসিক ভবন সংলগ্ন ও দাপ্তরিক কাজে ব্যবহৃত জমি ব্যতিত কার্যালয় সংলগ্ন এবং Backyard এর পতিত ও অব্যবহৃত জমিকে কৃষি উৎপাদনমুখি করার লক্ষ্যে মৌসুমি সবজি ও অন্যান্য ফসল চাষের উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। উক্ত নির্দেশনার আলোকে মাঠদপ্তরসমূহ হতে প্রাপ্ত তথ্যে দেখা যায়, সারাদেশে বাপাউবো'র ২২৪ একর জমি অব্যবহৃত আছে। উক্ত ২২৪ একর এর মধ্যে কিছু জমিতে ইতোমধ্যে মৌসুমি সবজি ও ফসল উৎপাদনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গত ০৯.০৩.২০২৩খ্রিঃ পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত পাসম সমন্বয় সভায় সচিব, পাসম মহোদয় অব্যবহৃত ২২৪ একর জমিতেই মৌসুমি সবজি ও ফসল উৎপাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেছেন (তালিকা সংযুক্ত)। এ প্রেক্ষিতে আগামী ১৫ মে/২০২৩ এর মধ্যে অব্যবহৃত সকল জমিতে মৌসুমি সবজি ও ফসল উৎপাদনের সার্বিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এখানে উল্লেখ্য যে, প্রতিটি মাঠ দপ্তরে অব্যবহৃত জমিতে মৌসুমি সবজি ও ফসল উৎপাদনের অগ্রগতি পাসম এর কর্মকর্তাগণ কর্তৃক সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করবেন মর্মে সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেছেন।

এমতাবস্থায়, আপনার জোনের আওতাধীন দপ্তরসমূহের অব্যবহৃত সকল পতিত জমি ফসল/ফল/সবজি উৎপাদনের আওতায় নিয়ে আসার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন জোন সমন্বিত আকারে নিম্নোক্ত ছকে আগামী ২৫.০৪.২০২৩খ্রিঃ এর মধ্যে অত্র দপ্তরে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | জেলার নাম | অব্যবহৃত জমির পরিমাণ (একরে) | কি পরিমাণ জমিতে মৌসুমি শাক-সবজি, ফল-ফলাদি রোপন করা হয়েছে (একরে) | কি পরিমাণ জমিতে বৃক্ষরোপন করা হয়েছে (একরে) | রোপনকৃত সবজি ও বৃক্ষের বর্ণনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


১০-০৪-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে
প্রধান প্রকৌশলী (পুর)
০২-২২২২৩০১০০
ce.monitoring@bwdb.gov.bd


প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/পূর্বাঞ্চল/উত্তর-পূর্বাঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল/উত্তরাঞ্চল/উত্তর-পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/দক্ষিণাঞ্চল বাপাউবো, ঢাকা/কুমিল্লা/সিলেট/চট্টগ্রাম/ফরিদপুর/রংপুর/রাজশাহী/খুলনা/বরিশাল।।

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.২৩১/১ (৪)

তারিখ: ২৭ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা;
২। অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা;
৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা এবং
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (পত্রটি বাপাউবোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।


১০-০৪-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে
প্রধান প্রকৌশলী (পুর)


**সকল সংযুক্তিসমূহ:**

(১) প্র.প্র.মনি এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.০৯.০০২.২০.৫৪ তারিখঃ ১২.০২.২০২৩
(২) বাপাউবো,র অব্যবহৃত জমিতে মৌসুমি সবজি ও ফসল উৎপাদনের অগ্রগতি প্রতিবেদন